




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



তারিখঃ ২৭ আশ্বিন ১৪২৮
১২ অক্টোবর ২০২১

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৬. ২০২১- ২০৪৭

বিষয়ঃ ১৮ অক্টোবর যথাযোগ্য মর্যাদায় 'শেখ রাসেল দিবস' উদযাপন।

২৬ আগস্ট ২০২১ মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রে "শেখ রাসেল দিবস" হিসেবে পালন করার সিদ্ধান্ত ঘোষণা করা হয় এবং যথাযথ মর্যাদার সাথে দিবসটি পালনের জন্য শেখ রাসেলের নির্বাচিত ছবি/ মুরাল বা প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও দোয়া মাহফিল এবং অন্যান্য কর্মসূচি জাতীয়ভাবে গ্রহণ করা হয়েছে।

২। আগামী ১৮ অক্টোবর "শেখ রাসেল দিবস" যথাযথভাবে পালনের জন্য গত ১১ অক্টোবর ২০২১ মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে সিনিয়র সচিবসহ অন্যান্য কর্মকর্তাদের উপস্থিতিতে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধিনস্ত সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে "শেখ রাসেল দিবস" পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কে সকল স্তরের জনগণকে সম্পৃক্ত করে উক্ত দিবসটি যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

M. M. Rahman
২৭/১০/২০২১
এ কে এম মিজানুর রহমান
উপসচিব

ফোন- ২২৩৩৫৫৫৭৩

E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ(কার্যার্থে)

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা..... সিটি কর্পোরেশন (সকল)।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ (সকল)।
- ৩। চেয়ারম্যান,.....উপজেলা পরিষদ (সকল)।
- ৪। মেয়র,পৌরসভা (সকল)।
- ৫। চেয়ারম্যান,..... ইউনিয়ন পরিষদ (সকল)।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ
- ২। পরিচালক, স্থানীয় সরকার..... বিভাগ (সকল)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। জেলা প্রশাসক (সকল)।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।